স্পীকার হুমায়ুন রশিদ চৌধুরী মানুষের কল্যাণে কাজ করার এক উজ্জ্বল দৃষ্টান্ত: ডাঃ মাহতাব স্বপ্নীল

চেম্বার ডেস্ক:: বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ইন্টারভেনশনাল হেপাটোলজি ডিভিশনের প্রধান, লিভার বিভাগের সদ্য-সাবেক চেয়ারম্যান, সম্প্রীতি বাংলাদেশ’এর সদস্য সচিব অধ্যাপক ড. মামুন আল মাহতাব স্বপ্নীল বলেছেন, স্পীকার হুমায়ুন রশিদ চৌধুরী হলেন একটি ইতিহাস। তিনি মানুষকে অত্যন্ত ভালোবাসতেন। মাটি ও মানুষের টানেই তিনি বারবার প্রিয় মাতৃভূমিতে ছুঁটে আসতেন। এভাবে করেই তিনি সারা জীবন মানুষের কল্যাণে কাজ করে গেছেন এবং উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছেন। তিনি সিলেট-১ আসনের সাংসদ ছিলেন। এই অঞ্চলের মানুষের পাশে সবসময়ই ছিলেন। অত্র স্কুলটি উনার স্মৃতিবিজড়িত একটি স্থান। তিনি এই স্কুলের ভিত্তি প্রস্তর স্থাপন করেছিলেন। তিনি বলেন, উনার নামে গঠিত ‘স্পীকার হুমায়ুন রশীদ চৌধুরী স্মৃতি পরিষদ’ বন্যাকালীন সময়ের মতোই বন্যা পরবর্তী সময়েও আজ বন্যার্তদের জন্য ফ্রী মেডিকেল চিকিৎসা সেবা প্রদানের আয়োজন করেছে। যা অত্যন্ত প্রশংসনীয়। মানুষের সেবার দেখানো পথেই উনার বংশধর, রাজনৈতিক নেতা-কর্মীবৃন্দ, আত্মীয়-স্বজনরা এগিয়ে যাচ্ছে। বিশেষ করে এই সংগঠন তাঁর স্মৃতিকে ধরে রাখার জন্য এবং মানুষের কল্যাণে কাজ করার জন্যই তৈরি করা হয়েছে। অসহায় মানুষের পাশে দাঁড়ানো এবং তাদেরকে সবধরনের সহযোগিতা করাই সংগঠনের মূল উদ্দেশ্য। উনার নামে তৈরি সংগঠন আজ অত্র স্কুলে বিনামূল্যে যে চিকিৎসা সুবিধা ও ঔষধ প্রদান করছেন তা দেখে ওপার থেকে তিনি অত্যন্ত খুশি হবেন। মহান আল্লাহপাক উনাকে জান্নাতুল ফেরদৌস দান করবেন। তিনি বলেন, স্পীকার হুমায়ুন রশীদ চৌধুরী স্মৃতি পরিষদ এভাবে করেই মানুষের কল্যাণে কাজ করে যাবে এই প্রত্যাশা করি।

শুক্রবার (২৯ জুলাই) সকাল ১১ টায় টুলটিকর (কুশিঘাট) হাজী মোহাম্মদ সফিক হাইস্কুলে
‘স্পীকার হুমায়ুন রশীদ চৌধুরী স্মৃতি পরিষদ কেন্দ্রীয় কার্যনির্বাহী সাংসদ সিলেট জেলা শাখার উদ্যোগে এবং স্বাধীনতা চিকিৎসক পরিষদ সিলেট এর সহযোগিতায় ফ্রী মেডিকেল ক্যাম্পের

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ফ্রী মেডিকেল ক্যাম্পে প্রায় তিনশত জন মানুষকে বিনামূল্যে চিকিৎসা সুবিধা ও ঔষধ প্রদান করা হয়। দিনব্যাপী প্রায় ১২ জন ডাক্তার এই চিকিৎসা সেবা প্রদান করেন।

স্পীকার হুমায়ুন রশীদ চৌধুরী স্মৃতি পরিষদ সিলেট জেলা শাখার আহ্বায়ক ও মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অধ্যাপক মোঃ জাকির হোসেনের সভাপতিত্বে ও স্পীকার হুমায়ুন রশীদ চৌধুরী স্মৃতি পরিষদ সিলেট জেলা শাখার যুগ্ম-আহ্বায়ক ও সিলেট চেম্বার অব কমার্সের সিনিয়র সহ-সভাপতি ফালাহ উদ্দিন আলী আহমদের পরিচালনায় প্রধান বক্তা ও বিশেষ অতিথির বক্তব্য রাখেন স্পীকার হুমায়ুন রশীদ চৌধুরী স্মৃতি পরিষদের সহ-সভাপতি, মরহুমের নাতি মাহসুন নোমান রশিদ চৌধুরী ও সিলেট স্বাধীনতা চিকিৎসক পরিষদের সদস্য সচিব ও মহানগর আওয়ামী লীগের উপদেষ্টা ডাঃ এম.এ আজিজ চৌধুরী।

এসময়ে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন হুমায়ুন রশীদ চৌধুরী স্মৃতি পরিষদের সাংগঠনিক সম্পাদক ও দৈনিক স্বাধীন বাংলার সম্পাদক মোঃ আখলাকুল আম্বিয়া, সিলেট স্বাধীনতা চিকিৎসক পরিষদের যুগ্ম-আহবায়ক ও মহানগর আওয়ামী লীগের স্বাস্থ্য বিষয়ক সম্পাদক অধ্যাপক ডাঃ মোহাম্মদ হোসেন রবিন, স্বাচিপের সিনিয়র সদস্য ও শিশু রোগ বিশেষজ্ঞ অধ্যাপক ডাঃ মোঃ মুজিবুল হক।

এছাড়াও উপস্থিত ছিলেন স্পীকার হুমায়ুন রশীদ চৌধুরী স্মৃতি পরিষদ সিলেট জেলা শাখার সদস্য সচিব মাহবুবুল হাফিজ চৌধুরী মুশফিক, কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ ফয়সাল মাহমুদ (সিলেট ডিসি ট্রাফিক), সাহিদুর রহমান, কাজী মোস্তাফিজুর রহমান, মেট্রোপলিটন চেম্বার অব কর্মাসের পরিচালক হুরেরা ইফতার হোসেন, মহানগর আওয়ামী লীগের উপ-দপ্তর সম্পাদক অমিতাভ চক্রবর্ত্তী রনি, হাজী মোহাম্মদ সফিক হাইস্কুল ম্যানেজিং কমিটির সভাপতি হাজী জুনেদ আহমদ, স্বাচিপের অন্যান্য নেতৃবৃন্দ ডাঃ এমদাদুর রহমান, ডাঃ আসাদুজ্জামান রনি, ডাঃ হাবিবা, ডাঃ শেখ হাসিবুর রহমান হাসিব, ডাঃ মুহাইমিনুল বারী নাহিদ, ডাঃ নাদিমুর রহমান, ডাঃ দূর্জয় রায়, ডাঃ শাওন দত্ত, ডাঃ মঈনুলপ ইসলাম, ডাঃ ইশতিয়াক খান সোয়েব, হাজী সাদেক আহমদ, হাজী আরিফ আহমদ, ২৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জাবেদ আহমদ।
অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মহানগর যুবলীগ নেতা আসাদ আহমদ, নরুল ইসলাম নুরু, কাবুল আহমদ, জব্বার আহমদ পাপ্পু, আকবর কবির সায়েম, মোঃ সাজ্জাদ আহমদ,

শাহেদ আহমদ, আফজাল হোসেন শাহান, আব্দুস সামাদ, আজিম আহমদ,জাবরুল আহমদ, সুয়েব আহমদ, লিটন আহমদ, কামরান আহমদ, মহানগর যুবলীগ নেতা সামন্ত ধর, ২৪নং ওয়ার্ড যুবলীগ নেতা বিজয় কর্মকার প্রমুখ।